



বাংলাদেশ ব্যাংক

বগুড়া।

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ব্যাংক, বগুড়া অফিসে অস্থায়ী ভিত্তিতে একজন খন্ডকালীন (প্রতি কর্মদিবসে সকাল ১০.০০ টা হতে ১.০০ টা পর্যন্ত) চিকিৎসক নিয়োগের জন্য বাংলাদেশী ডাক্তারগণের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

১। যোগ্যতা :

- ক) উক্ত পদের জন্য প্রার্থীকে বাংলাদেশের স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে এমবিবিএস ডিগ্রীধারী হতে হবে।
- খ) বয়সসীমা সর্বোচ্চ ৪৫ বছর (০৯ জুন, ২০২২ তারিখে)।
- গ) অভিজ্ঞতাকে অগ্রাধিকার দেয়া হবে।

২। সম্মানী :

"কাজ নেই সম্মানী নেই" ভিত্তিতে দৈনিক ৳১,৫৫০/০০ (টাকা এক হাজার পাঁচশত পঞ্চাশ মাত্র)।

প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার অথবা বাংলাদেশ ব্যাংকের কোন সহকারী পরিচালক বা তদূর্ধ্ব কর্মকর্তা কর্তৃক সত্যায়িত শিক্ষাগত ও পেশাগত যোগ্যতার সনদপত্রের ফটোকপি এবং সম্প্রতি তোলা ২ কপি পাসপোর্ট আকারের ছবিসহ নিম্নবর্ণিত তথ্যাদি উল্লেখপূর্বক দরখাস্ত আগামী ০৯ জুন, ২০২২ তারিখ বা তৎপূর্বে নির্বাহী পরিচালক, বাংলাদেশ ব্যাংক, বগুড়া বরাবর কেবলমাত্র ডাকযোগে প্রেরণ করতে হবে :-

নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা (বিবাহিতা মহিলাদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা), নিজ জেলা (বিবাহিতা মহিলাদের ক্ষেত্রে স্বামীর জেলা), জন্ম তারিখ, জাতীয়তা, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে)।


অসম্পূর্ণ দরখাস্ত যোগাযোগ ব্যতিরেকেই বাতিল করা হবে। দরখাস্তের খামের উপরে "খন্ডকালীন চিকিৎসক পদের জন্য দরখাস্ত" কথাটি স্পষ্টাক্ষরে লেখা থাকতে হবে।

ডিসিপি: ৪৮/২০২২-১৫৫৫

তারিখ: ১২/০৫/২০২২

GA-1881/22 (5x3)

ব্যর্থকিং ও আর্থিক সেবা পেতে হয়রানির শিকার হলে কিংবা
কোনো অভিযোগ থাকলে ১৬২৩৬ নম্বরে ফোন করুন।


(গোবিন্দ লাল গাইন)
মহাব্যবস্থাপক (প্রশাসন)